

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০১৭-১৮	প্রক্ষেপণ	
			২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫
১২	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	১৫১.২৯	১৬৯.৪৪	১৮৯.৭৭

মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	মন্ত্রণালয়/বিভাগ	২০১৭-১৮ অর্থবছরের জন্য প্রস্তাবিত ব্যয়সীমা (অবসর ভাতা ব্যতীত)					২০১৭-১৮ অর্থবছরের মোট ব্যয়সীমা (অবসর ভাতাসহ)	প্রক্ষেপণ	
		অনুময়ন	উন্নয়ন			মোট		২০১৮-১৯	২০১৯-২০
			জিওবি	পিএ	উপমোট				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১২	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	২৪২৩.৬৩	১.০০	১১৬.০০	১১৭.০০	২৫৪০.৬৩	২৫৪২.২৬	২৭১৮.৪৭	২৯০৮.৭৭

\* মন্ত্রণালয়/বিভাগের জন্য ৭ নং কলামের ব্যয়সীমা প্রযোজ্য হবে।

সচিব মহোদয়ের দপ্তর, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

তারিখ: ২৬/৪/১৭

৫৭৪৩  
MCS

সচিব

মোঃ হাবিবুল মাহমুদ  
সুপা সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাজেট শাখা  
জনাব ফয়সল আহমদ

উপ-সচিব (বাজেট অধিশাখা)

ডায়েরী নম্বর: ২২৪

তারিখ: ২৬/৪/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-১

বাজেট পরিপত্র-২

নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০১৬-২৩৮

তারিখ: ২০/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ **মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত।**

সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রণীত বাজেট কাঠামো (Budget Framework) ইতোমধ্যে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় পর্যালোচনা করা হয়েছে এবং উক্ত সভার পর্যবেক্ষণের আলোকে একটি সম্মত বাজেট কাঠামো প্রণয়নের কাজ চলমান রয়েছে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়নের দ্বিতীয় পর্যায়ে মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে।

**২.০ সম্ভাব্য আয় ও ব্যয়সীমাঃ** বাজেট কাঠামোতে প্রদর্শিত ব্যয় পরিকল্পনা, হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (MTMF) প্রক্ষেপিত সর্বমোট ব্যয় এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের জন্য সম্ভাব্য আয় ও ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে (পরিশিষ্ট-১ক ও ১খ)। এ পরিপত্রের মাধ্যমে আয় ও ব্যয়ের সম্ভাব্য সীমা সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানকে অবহিত করা হচ্ছে।

২.১ এ পরিপত্রের মাধ্যমে প্রদত্ত ‘রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা’র ভিত্তিতে আগামী ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। উল্লেখ্য, অধীনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহের আয়ের সম্ভাব্য লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং অবহিত করার ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ **পরিশিষ্ট-১গ** —এ প্রদর্শিত ছক ব্যবহার করবে।

২.২ এ পরিপত্রের মাধ্যমে প্রদত্ত ‘সম্ভাব্য ব্যয়সীমা’র ভিত্তিতে আগামী ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। উল্লেখ্য, অধীনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহের ব্যয়ের সম্ভাব্য সীমা নির্ধারণ এবং অবহিত করার ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ **পরিশিষ্ট-১ঘ** —এ প্রদর্শিত ছক ব্যবহার করবে।

২.৩ সকল মন্ত্রণালয় ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের মোট অনুন্নয়ন এবং উন্নয়ন ব্যয় **পরিশিষ্ট-১খ** এ প্রদর্শিত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ রাখবে। একইভাবে, সকল অধিদপ্তর/সংস্থা ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের মোট অনুন্নয়ন এবং উন্নয়ন ব্যয় **পরিশিষ্ট-১ঘ** এ প্রদর্শিত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ রাখবে।

২.৪ উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন/প্রক্ষেপণে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক আগামী ৩ অর্থবছরের জন্য বৈদেশিক সহায়তার যে প্রক্ষেপণ (**পরিশিষ্ট -২**) প্রস্তুত করা হয়েছে, সে অনুযায়ী প্রকল্প সাহায্য (PA) ও পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (RPA) প্রতিফলন নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, নিম্নোক্ত অনুমানসমূহের (Assumptions) ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের জন্য ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে:

- জিডিপি প্রবৃদ্ধির সঙ্গে ব্যয় বৃদ্ধির সামঞ্জস্য রাখা, যাতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বর্তমান কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষিত হয়;
- মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও প্রেক্ষিত পরিকল্পনায় অন্তর্ভুক্ত সরকারের নীতি ও অগ্রাধিকারের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা এবং মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করতে সক্ষম হয়;
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে দারিদ্র্য নিরসন সহায়ক বরাদ্দ বৃদ্ধি করতে সক্ষম হয় এবং দরিদ্র জনগোষ্ঠীকে প্রদেয় সেবার মান ও পরিমাণ বৃদ্ধি পায়; এবং
- মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বাজেট বরাদ্দের সর্বোত্তম ব্যবহার (Optimum Utilization) নিশ্চিত করা সম্ভব হয়।

**৩.০ মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সচিবালয় এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সম্ভাব্য ব্যয়সীমা সংশোধন/ পুনঃনির্ধারণ** অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের ব্যয়সীমা পর্যালোচনা করে কতিপয় বিষয়ে পর্যবেক্ষণ ও পরামর্শ/দিক-নির্দেশনা প্রদান করা হয়। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য প্রদত্ত মোট সম্ভাব্য ব্যয়সীমা এবং উক্ত পরামর্শ/নির্দেশনার আলোকে মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদান প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণ করতে হবে। এক্ষেত্রে সাধারণভাবে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

- (১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং দপ্তর/সংস্থার প্রকৃত বাস্তবায়ন সক্ষমতা বিবেচনা করে ব্যয়সীমা পুনঃনির্ধারণ করতে হবে;
- (২) কৌশলগত উদ্দেশ্য অর্জনে সহায়ক হয় সেরূপ সুনির্দিষ্ট কার্যক্রমের বিপরীতে অর্থ বরাদ্দ করতে হবে। সাধারণভাবে বাজেটে কোন প্রকার ঝোক বরাদ্দ প্রস্তাব করা যাবে না;
- (৩) সরকারি অনুদানে পরিচালিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বরাদ্দ নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার চলতি অর্থবছরের নিজস্ব আয় ও আয়ের উৎস/আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে। পূর্বের অর্থবছরের প্রাক্কলিত আয়ের তুলনায় প্রতি বছর কমপক্ষে ১২ শতাংশ প্রবৃদ্ধি ধরে আগামী ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের জন্য উক্ত সংস্থার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। তবে, বার্ষিক আয়ের প্রবৃদ্ধি ১২ শতাংশ এর চেয়ে বেশী হওয়ার সম্ভাবনা থাকলে সেঅনুযায়ী বার্ষিক আয়ের হিসাব করতে হবে অথবা ত্রিপক্ষীয় সভায় সম্মত প্রাক্কলিত ও প্রক্ষেপিত আয় সংশ্লিষ্ট অর্থবছরে দেখাতে হবে। নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/সরকারি অনুদানের পরিমাণ নির্ধারণ করতে হবে;
- (৪) সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের পরিমাণ বিবেচনায় নিয়ে ব্যয়সীমা নির্ধারণ করতে হবে এবং সরকারি অনুদানের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখতে হবে।

**৪.০ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করার জন্য অধিদপ্তর/ সংস্থাসমূহকে অনুরোধ জ্ঞাপনঃ** মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান উল্লিখিত পদ্ধতি অনুসরণ করে সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণের পর যৌক্তিকতাসহ এ সংক্রান্ত প্রস্তাব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ব্যয়সীমা অনুমোদনের পর উল্লিখিত ব্যয়সীমার মধ্যে ২০১৭-১৮ অর্থবছরের বিস্তারিত বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন করে প্রেরণ করার জন্য নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহকে অনুরোধ জানাতে হবে।

**৫.০ প্রাক্কলন/প্রক্ষেপণ প্রস্তুতির ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালাঃ** মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

#### ৫.১ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নঃ

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন তা মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের জন্য উক্ত মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;
- ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণও এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রত্যেক অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য উক্ত মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;
- ২০১৭-১৮ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়, অনুন্নয়ন বাজেট হতে অর্থাৎ উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ফরমে জনবল, পুরুষ/মহিলা কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা, অফিস সরঞ্জামাদি এবং পুরুষ/মহিলা উপকারভোগীর সংখ্যা-ইত্যাদি তথ্য যথাযথভাবে সন্নিবেশ করতে হবে।

**৫.২ রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নঃ** রাজস্ব প্রাপ্তির ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের জন্য **ফরম-১** ব্যবহার করতে হবে। এক্ষেত্রে চলতি ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটকে ভিত্তি ধরে ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলন প্রস্তুত করতে হবে। এরপর, প্রক্ষেপিত বছরসমূহে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় প্রতি বছর কমপক্ষে ১২ শতাংশ প্রবৃদ্ধি ধরে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তরসমূহের

জন্য রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনঃনির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

### ৫.৩ অনুময়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন

৫.৩.১ অনুময়ন ব্যয়ের (কর্মসূচি ব্যতীত) প্রাক্কলন এবং প্রক্ষেপণঃ সংশ্লিষ্ট অধিদপ্তর/অপারেশন ইউনিটের ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত/প্রদর্শিত বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী ফরম-২ ব্যবহার করে উক্ত অধিদপ্তর/অপারেশন ইউনিটের ২০১৭-১৮ অর্থবছরের অনুময়ন বাজেটের প্রাক্কলন ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। অর্থ বিভাগের পূর্বানুমোদন ব্যতিরেকে ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত নেই এমন কোন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে না।

### ৫.৩.২ অনুময়ন বাজেটে অন্তর্ভুক্ত আইটেমওয়ারি ব্যয়ের ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলনঃ

- (ক) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা: অর্থ বিভাগ হতে প্রেরিত হুকে প্রস্তুত বেতন ভাতার বিবরণীর ভিত্তিতে প্রত্যেক অপারেশন ইউনিটের আওতায় কর্মরত/বিদ্যমান কর্মকর্তা/কর্মচারীদের ২০১৭-১৮ অর্থবছরের বেতন ও ভাতাদির প্রাক্কলন প্রণয়ন করতে হবে। যেসকল ক্ষেত্রে উল্লিখিত বিবরণী এখনো প্রস্তুত করা সম্ভব হয়নি সেসকল ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতার প্রাক্কলন প্রণয়ন করতে হবেঃ
- (১) কর্মকর্তা/কর্মচারীদের বেতন: কর্মকর্তা/কর্মচারীদের বেতনের প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দের উপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে ২০১৭-১৮ অর্থ বছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে;
  - (২) নববর্ষ ভাতা: কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ প্রাক্কলিত বরাদ্দের ১/৬০ ভাগ অর্থ নববর্ষ ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;
  - (৩) বাড়ী ভাড়া ভাতা: কর্মকর্তা/কর্মচারীদের বাড়ী ভাড়া ভাতা প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দের উপর ৫.৫ শতাংশ বৃদ্ধি ধরে ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে;
  - (৪) উৎসব ভাতা: কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৬ ভাগ অর্থ উৎসব ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;
  - (৫) চিকিৎসা ভাতা: কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ১৮,০০০ টাকা হারে চিকিৎসা ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে;
  - (৬) টিফিন ভাতা: নন-গেজেটেড বেসামরিক কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ২,৪০০ টাকা হারে টিফিন ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে। তবে, যেসকল কর্মচারী প্রতিষ্ঠান হতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হবে না;
  - (৭) যাতায়াত ভাতা: সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত ১১-২০ নং স্কেলভুক্ত কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ৩,৬০০ টাকা হারে যাতায়াত ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে;
  - (৮) শ্রান্তি বিনোদন ভাতা: সাধারণভাবে কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৩৬ ভাগ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরা যেতে পারে;
  - (৯) অন্যান্য ভাতা: চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দ ও প্রাপ্য হার অনুসরণ করে অন্যান্য ভাতার ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে; এবং
  - (১০) সংশ্লিষ্ট অর্থবছরসমূহে যেসব কর্মকর্তা/কর্মচারী অবসর উত্তর ছুটিতে (পিআরএল) যাবেন তাদের সংখ্যা ও মূল বেতন এবং পিআরএলকালীন বেতন ও ছুটি নগদায়ন বাবদ প্রয়োজনীয় অর্থ ইত্যাদি তথ্য সম্বলিত একটি পৃথক বিবরণী বাজেট প্রাক্কলনের সাথে সংযোজন করতে হবে;
- (খ) সরবরাহ ও সেবা: সাধারণভাবে ২০১৫-১৬ অর্থবছরের প্রকৃত ব্যয় এবং চলতি অর্থবছরের (২০১৬-১৭) প্রথম ৬ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের হার/মূল্য বৃদ্ধি ব্যতিরেকে এ খাতে কোন বর্ধিত বরাদ্দ ধরা যাবে না;
- (গ) মেরামত ও সংরক্ষণ: মেরামত ও সংরক্ষণ বাবদ ব্যয়ের প্রাক্কলনের সঙ্গে সংশ্লিষ্ট স্থাপনার নির্মাণ কাল, নির্মাণ ব্যয়, আয়তন এবং যানবাহন/যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহের বছর, সংখ্যা ইত্যাদি তথ্য সম্বলিত একটি তালিকা প্রস্তুত করে (ফরম-৩ এ প্রদর্শিত হুক অনুযায়ী) প্রাক্কলনের সাথে সংযোজন করতে হবে;

(ঘ) **সম্পদ সংগ্রহ/ক্রয়:** যেসকল সম্পদ সংগ্রহ/ক্রয় অথবা প্রতিস্থাপন করা হবে তার আনুমানিক মূল্যসহ বিস্তারিত তালিকা সংযুক্ত করতে হবে। সংগঠন ও সরঞ্জাম তালিকায় অন্তর্ভুক্ত নেই এমন কোন যানবাহন/যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের জন্য বরাদ্দ প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে না। যানবাহন প্রতিস্থাপনের ক্ষেত্রে পুরাতন যানবাহন প্রচলিত বিধি অনুযায়ী অচল/অকেজো ঘোষণা ও নিষ্পত্তির প্রামাণ্য কাগজপত্র এবং প্রতিস্থাপনের বিষয়ে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ছাড়পত্র প্রস্তাবের সঙ্গে সংযোজন করতে হবে।

#### ৫.৩.৩ অনুন্নয়ন বাজেটে অন্তর্ভুক্ত ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের আইটেমওয়ারি ব্যয়ের প্রক্ষেপণঃ

- (১) **কর্মকর্তা/কর্মচারীদের বেতন:** কর্মকর্তা/কর্মচারীদের বেতন নির্ধারণের ক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের বরাদ্দের উপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে প্রক্ষেপণ প্রণয়ন করা যেতে পারে;
- (২) **নববর্ষ ভাতা:** কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৬০ ভাগ অর্থ নববর্ষ ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;
- (৩) **বাড়ী ভাড়া ভাতা:** বাড়ী ভাড়া ভাতা নির্ধারণের ক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের বরাদ্দের উপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে প্রক্ষেপণ প্রণয়ন করা যেতে পারে;
- (৪) **উৎসব ভাতা:** কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ধার্যকৃত বরাদ্দের ১/৬ ভাগ অর্থ উৎসব ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;
- (৫) **অন্যান্য:** টিফিন, যাতায়াত, চিকিৎসা, শ্রান্তি বিনোদন এবং অন্যান্য ভাতার বছরওয়ারী প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে উপরের ৫.৩.২(ক) ৫-৮ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
- (৬) **অবসর উত্তর ছুটিতে (পিআরএল):** জনবল সংশ্লিষ্ট রেকর্ডে উল্লিখিত বয়স অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরসমূহে যেসব কর্মকর্তা/কর্মচারী অবসর উত্তর ছুটিতে (পিআরএল) যাবেন তাদের সংখ্যা ও মূল বেতন এবং পিআরএলকালীন বেতন ও ছুটি নগদায়ন বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে;
- (৭) **সরবরাহ ও সেবা:** ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় ২০১৭-১৮ অর্থবছরের প্রবৃদ্ধিকে ভিত্তি ধরে পরবর্তী বছরগুলোর প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে;
- (৮) **মেরামত ও সংরক্ষণ:** এক্ষেত্রে উপরের ৫.৩.২(ঘ) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
- (৯) **সম্পদ সংগ্রহ/ক্রয়:** সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সম্পদ সংগ্রহ/ক্রয়ের যৌক্তিকতা, দর ইত্যাদি উল্লেখপূর্বক সম্পদের সংগ্রহ/প্রতিস্থাপনের প্রয়োজনীয়তার নিরিখে পরবর্তী বছরগুলোর জন্য বছরওয়ারী ব্যয় পরিকল্পনা প্রণয়নপূর্বক সে অনুযায়ী প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে।

৫.৩.৪ **অনুন্নয়ন বাজেট হতে সাহায্য মঞ্জুরিপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নঃ** অনুন্নয়ন বাজেট হতে সাহায্য মঞ্জুরিপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলনে কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতা এবং অন্যান্য আইটেমের চাহিদা নিরূপণের ক্ষেত্রেও উপরের ৫.৩.২ (ক) থেকে (ঙ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের অর্থ সাহায্য মঞ্জুরির প্রাক্কলনের সাথে আলাদাভাবে দেখাতে হবে এবং প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করার ক্ষেত্রে ৫.৩.৩ অনুচ্ছেদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে। স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ কর্তৃক নির্দিষ্ট ফাংশনাল এবং অপারেশনাল কোডের বিপরীতে বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী **ফরম-২(ক)** ব্যবহার করে উক্ত সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুতপূর্বক বাজেট ডাটাবেজে (IBAS<sup>++</sup>) এন্ট্রি করতে হবে।

৫.৪ **রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নঃ** রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়নের জন্য **ফরম-৪** ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের (২০১৬-১৭) বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচির জন্য বরাদ্দের প্রস্তাব ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলনে অননুমোদিত কর্মসূচির জন্য কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। তবে ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণে অননুমোদনের জন্য প্রক্রিয়াধীন কর্মসূচির বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে। সংশ্লিষ্ট কর্মসূচির সকল ব্যয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। ২০১৬-১৭ থেকে ২০১৮-১৯ অর্থবছরে সমাপ্য কোন কর্মসূচির জন্য বরাদ্দ কর্মসূচি সমাপ্তির পরবর্তী অর্থবছরের প্রাক্কলন/প্রক্ষেপণে অন্তর্ভুক্ত করা যাবে না।

#### ৫.৫ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ**

৫.৫.১ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন/প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালাঃ** বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন/প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর/সংস্থা অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপর্যায় সভায় নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রকল্পওয়ারী বরাদ্দ পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পুনঃনির্ধারণ

করতে পারবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য প্রদত্ত মোট উন্নয়ন ব্যয়সীমা কোনভাবেই অতিক্রম করা যাবে না। উল্লেখ্য, মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ব্যয়সীমার মধ্যে প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ), নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি বাবদ ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে। ফলে উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন/প্রক্ষেপণ প্রস্তুতের ক্ষেত্রে ব্যয়সীমায় প্রদত্ত প্রকল্প সাহায্য, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি ব্যয় বিবেচনা করে প্রাক্কলন/প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। এবাবদ ব্যয়সীমার অতিরিক্ত কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না। কোন প্রকল্পের জন্য বরাদ্দ নির্ধারণের সময়ে লক্ষ্য রাখতে হবে যেন উক্ত প্রকল্পের জন্য অনুমোদিত মোট প্রকল্প ব্যয় এবং মেয়াদ অতিক্রান্ত না হয়। এছাড়া সংশ্লিষ্ট অর্থবছরসমূহে **সমাপ্য প্রকল্পসমূহের বছরওয়ারী একটি তালিকা প্রদান করতে হবে।** উল্লেখ্য, প্রকল্পসমূহের নাম **অগ্রাধিকারের ক্রম অনুযায়ী** উল্লেখ করতে হবে। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন প্রকল্প অন্তর্ভুক্তির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের প্রস্তাব পরীক্ষা করে পরিকল্পনা কমিশন প্রচলিত নিয়মে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৫.৫.২ ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলনঃ** ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-৭** ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট সকল অর্থবছরের **প্রাক্কলন এবং প্রক্ষেপণে অর্থনৈতিক গুণভিত্তিক ডাটা এন্ট্রি করতে হবে।** ২০১৭-১৮ অর্থবছরের প্রাক্কলনে অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ অন্তর্ভুক্ত করা যাবে না। তবে, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণে অননুমোদিত ও অননুমোদিত/সম্ভাব্য সকল প্রকল্পের জন্য বরাদ্দ রাখতে হবে। **ফরম-৭ এ ডাটা এন্ট্রি করা হলে তা থেকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন সংক্রান্ত ফরম-৫ (খাদ্য সাহায্য ব্যতীত প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ও ফরম-৬ (কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।** এক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

- (১) বিদ্যমান অননুমোদিত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্প ২০১৭-১৮ অর্থবছরে চালু থাকবে কেবল ঐসকল প্রকল্পের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব উক্ত অর্থবছরের প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা;
- (২) ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ এমনভাবে প্রস্তুত করতে হবে যেন সংশ্লিষ্ট অর্থবছরের মোট উন্নয়ন ব্যয় অননুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;
- (৩) ২০১৬-১৭ থেকে ২০১৮-১৯ অর্থবছরে সমাপ্য কোন প্রকল্পের জন্য বরাদ্দ প্রকল্প সমাপ্তির পরবর্তী অর্থবছরের প্রাক্কলন ও প্রক্ষেপণে অন্তর্ভুক্ত করা যাবে না। তবে, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণে অননুমোদিত/সম্ভাব্য সকল প্রকল্পের জন্য বরাদ্দ প্রদর্শন করা যাবে;
- (৪) বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরের জন্য বৈদেশিক সহায়তার যেপ্রাক্কলন (পরিশিষ্ট-২) প্রস্তুত করা হয়েছে, সেঅনুযায়ী প্রকল্প সাহায্য (PA) ও পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (RPA) প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- (৫) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অননুমোদিত অথবা এসপিইসি/ডিএসপিইসি কর্তৃক অননুমোদনের জন্য সুপারিশকৃত এবং বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত প্রকল্প ব্যতীত অন্য কোন অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- (৬) ২০১৬-১৭ অর্থবছর এডিপিভুক্ত স্থগিত বা শূন্য বরাদ্দ দেয়া অথবা বরাদ্দহীনভাবে সংযুক্ত অননুমোদিত প্রকল্পসমূহ ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। তবে অগ্রাধিকার প্রকল্পের ক্ষেত্রে বিশেষ যৌক্তিকতা সাপেক্ষে ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা যাবে;
- (৭) ধীরগতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস/সংশোধন করে দ্রুত বাস্তবায়নগতি সম্পন্ন প্রকল্পে প্রয়োজনানুগ বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বৈদেশিক সাহায্যপুষ্ট সরকারের অগ্রাধিকার সম্পর্কিত প্রকল্প এবং ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- (৮) চলতি প্রকল্পসমূহের অননুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত প্রাক্কলিত ব্যয় এবং এপর্যন্ত ক্রমপূঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় নিয়ে ২০১৭-১৮ অর্থবছরের জন্য বরাদ্দের পরিমাণ নির্ধারণ করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;
- (৯) বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের জন্য পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Coverage) সংস্থান রাখতে হবে;
- (১০) ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুখম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের জন্য বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

- (১১) ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পের অনুকূলে অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান মোতাবেক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে এবং দারিদ্র্য বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;
- (১২) চলতি উন্নয়ন প্রকল্পে সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষে শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার সংস্থান রাখতে হবে;
- (১৩) সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে;
- (১৪) অননুমোদিত/অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলনে সাধারণভাবে কোন বরাদ্দ রাখা যাবে না, তবে এরূপ প্রকল্প অর্থায়নের লক্ষ্যে মোট উন্নয়ন বরাদ্দের সর্বোচ্চ ৫ শতাংশ মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সচিবালয় অংশে থোক হিসাবে বরাদ্দ রাখা যেতে পারে;
- (১৫) চলতি অর্থবছরে সমাপ্য কোন প্রকল্প স্পীলওভার প্রকল্প হিসাবে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব যথাযথ পর্যায়ে অনুমোদিত হলে সংশ্লিষ্ট প্রকল্পের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে;
- (১৬) বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নীতিগতভাবে অন্তর্ভুক্তিযোগ্য প্রকল্পসমূহের তালিকা ফরম-৮ অনুযায়ী প্রদান করতে হবে।

**৫.৬ অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ ও মধ্যমেয়াদি বাজেট কাঠামোঃ** প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ উপরের অনুচ্ছেদ ৫.৩ থেকে ৫.৫ অনুযায়ী নির্দিষ্ট কোডে এন্ট্রি করা হলে ২০১৭-১৮ থেকে ২০১৯-২০ অর্থবছরের জন্য ফরম-৯, ফরম-১০ এবং ফরম-১১ বাজেট ডাটাবেজ (IBAS++) এন্ট্রি থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।

**৫.৭ পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামতঃ** নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব অধিদপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের পর প্রাক্কলন ও প্রক্ষেপণ মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ সচিবালয় অংশসহ প্রাপ্ত প্রাক্কলন ও প্রক্ষেপণ পরীক্ষাক্রমে সুপারিশ প্রণয়ন করবে। মন্ত্রণালয়/বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশকৃত অনুন্নয়ন ও উন্নয়ন বাজেট (প্রাক্কলন ও প্রক্ষেপণ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রকল্পভিত্তিক বরাদ্দের ওপর মতামতের জন্য প্রেরণ করতে হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রাক্কলন/প্রক্ষেপণের ওপর প্রকল্পভিত্তিক বরাদ্দের ওপর মতামত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। উল্লেখ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কেবল প্রকল্প সাহায্য বরাদ্দের বিষয়ে প্রকল্পভিত্তিক মতামত প্রদান করবে।

**৫.৮ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ পরীক্ষা ও চূড়ান্তকরণঃ** বাজেট ব্যবস্থাপনা কমিটি সচিবালয়সহ অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অনুন্নয়ন ও উন্নয়ন বাজেট (প্রাক্কলন ও প্রক্ষেপণ) বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম এবং সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামত পরীক্ষাপূর্বক সামগ্রিক বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন করবে।

**৬.০ ব্যয়সীমার অতিরিক্ত বরাদ্দের প্রস্তাবঃ** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার আলোচনার ভিত্তিতে **যেব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে তা-ই সর্বোচ্চ বরাদ্দ এবং এবরাদ্দ বৃদ্ধির কোন অবকাশ থাকবে না।** অনুমোদিত সম্পদসীমার মধ্যে সকল দপ্তর/সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচিসমূহের বরাদ্দ সংকুলান করা সম্ভব না হলে ত্রিপক্ষীয় সভার সুপারিশ, মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহের (KPI) লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচিসমূহের গুরুত্ব বিবেচনায় নিয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপ প্রকল্প/কর্মসূচিসমূহের পুনঃঅগ্রাধিকার নির্ধারণপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য সুপারিশ প্রণয়ন করবে। সেক্ষেত্রে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে অপেক্ষাকৃত কম অগ্রাধিকারসম্পন্ন কার্যক্রম/প্রকল্প বাদ দিয়ে অথবা এজাতীয় কার্যক্রম/প্রকল্পের বরাদ্দের পরিমাণ হ্রাস করে অপেক্ষাকৃত উচ্চ অগ্রাধিকারসম্পন্ন কার্যক্রম/প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা করতে হবে। বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ পর্যালোচনা করে বাজেট ব্যবস্থাপনা কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

**৭.০ গ্রুপ অর্থনৈতিক কোডওয়ারী উন্নয়ন প্রকল্প ব্যয়ের সমন্বয়/সংশোধনঃ** পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও কার্যক্রম বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পের অর্থনৈতিক গ্রুপ কোডওয়ারী ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে পরামর্শক্রমে চূড়ান্ত করবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) কর্তৃক অনুমোদনের পর আইবাস (IBAS++) এ আপলোড (upload) করার জন্য কার্যক্রম বিভাগ চূড়ান্ত এডিপি ইলেক্ট্রনিক্যালি (electronically) অর্থ বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ কর্তৃক চূড়ান্ত সংশোধনের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজ্য প্রকল্প/প্রকল্পসমূহের ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণের গ্রুপ অর্থনৈতিক কোডওয়ারী বিভাগে প্রয়োজনীয় সমন্বয়/সংশোধন নিশ্চিত করবে।

## ৮.০ বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য/কাগজপত্র

৮.১ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীঃ অর্থ বিভাগ/পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট ওয়ার্কিং গ্রুপের সহায়তায় বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদন করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলন/প্রক্ষেপণ অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণকালে এর সাথে বাজেট ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সভাসমূহের কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

৮.২ অনুমোদিত সংগঠন ও সরঞ্জামের তালিকাঃ প্রস্তাবিত প্রাক্কলনের সাথে সংশ্লিষ্ট দপ্তর/অপারেশন ইউনিটের অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম এর তালিকা এবং অর্থ বিভাগ কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ছক মোতাবেক জনবলের হালনাগাদ তথ্যাদি অবশ্যই প্রেরণ করতে হবে। অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম এর তালিকায় পরবর্তীতে কোন প্রকার সংশোধন/সংযোজন হয়ে থাকলে প্রামাণ্য কাগজপত্র, সংগঠন ও সরঞ্জাম এর তালিকার সাথে সংযুক্ত করতে হবে।

৯.০ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমাঃ বাজেট পরিপত্র-২ অনুসরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা (পরিশিষ্ট-৩) যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১০.০ স্পষ্টীকরণঃ বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে দায়িত্বপ্রাপ্ত হেল্প ডেস্ক কর্মকর্তাদের (পরিশিষ্ট-৪) সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১.০ বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমাঃ ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণসমূহ আগামী ০৫ মে, ২০১৭ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, যদি কোন মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন বাজেটের সঙ্গে একাধিক সেক্টর ডিভিশন সংশ্লিষ্ট থাকে তাহলে সংশ্লিষ্ট সকল সেক্টর ডিভিশনে বাজেট প্রাক্কলনের সংশ্লিষ্ট অংশ প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যাতে বাজেট প্রাক্কলনসমূহ অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

অতিরিক্ত সচিব (বাজেট-১)

ফোনঃ ৯৫১ ১০৫০

muslimc@finance.gov.bd

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
